



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/পরীক্ষা/আলিম-২০১৭/৩৬৫

তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ২০১৭ সালের আলিম পরীক্ষার কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০১৭ সালের ২ এপ্রিল আলিম পরীক্ষা অনুষ্ঠিত হবে। তাঁর জেলার/উপজেলার কেন্দ্রসমূহের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তত্ত্বাবধায়ক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতঃ নামের তালিকা আগামী ১৮/০৩/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন।

আলিম পরীক্ষার কেন্দ্রের আওতাধীন যে কোন মাদরাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। যৌক্তিক কোন কারণে তিনি এ দায়িত্ব পালনে অপারগ হলে কেন্দ্রের অন্তর্ভুক্ত অন্য কোন মাদরাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তা পদে তত্ত্বাবধায়ক কর্মকর্তা কর্তৃক মনোনীত হবেন। সরকারি মাদরাসার ক্ষেত্রে মাদরাসার অধ্যক্ষ/ উপাধ্যক্ষ তত্ত্বাবধায়ক কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যে কোন সহকারি অধ্যাপক দায়িত্ব পালন করবেন। কেন্দ্র পরিচালনা কমিটির নীতিমালা অনুসারে কোন মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কিংবা উপাধ্যক্ষ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে পারবেন না।

প্রসঙ্গত উল্লেখ্য যে, ইতিপূর্বে জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা চলাকালে যে সকল কেন্দ্রের কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়ার জন্য বোর্ড থেকে পত্র দেয়া হয়েছে তাঁদেরকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব প্রদান করা যাবে না এবং পরীক্ষা চলাকালে তাঁরা কেন্দ্রে অবস্থান করতে পারবেন না।


(মোঃ নজমুল হুদা)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২


১ ৬/২/১৭

জেলা প্রশাসক (সকল)

নং- বামাশিবো/পরীক্ষা/আলিম-২০১৭/৩৬৫

তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. সচিব মহোদয়, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪. অধ্যক্ষ, _____।
৫. পি.এ.টু. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।


(জসিম উদ্দিন)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৫৮৪২


১ ৬/২/১৭